ভর্তির যোগ্যতা

২০১৫, ২০১৪, ২০১৩, সনে এস. এস. সি/ সমমান পরীক্ষায় সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জিপি ৩.০০ সহ নুন্যতম ৩.৫০ জিপিএ প্রাপ্ত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ভর্তির আবেদন করার পদ্ধতি ও নিয়মাবলী:

১. ভর্তিচ্ছুক প্রার্থীকে প্রথমে আবেদন ফি জমা ও ভর্তি পরীক্ষার ফি বাবদ ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা টেলিটক প্রিপেইড মোবাইলের মাধ্যমে 16222 নম্বরে SMS করে জমা দিতে হবে। অতঃপর কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইট- **www.techedu.gov.bd** এ লগ ইন করে নির্ধারিত আবেদন ফরম (Application Form) যথাযথভাবে পূরণ করতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এসএসসি উত্তীর্ণ আবেদনকারীদের নম্বর পত্রের সত্যায়িত কপি ও পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত রঙ্গীন ছবিসহ নির্ধারিত ফরমে আবেদন পত্র ডাকযোগে/ অফিস চলাকালীন অত্র অধিদপ্তরে জমা দিতে হবে। সংরক্ষিত কোটার আবেদন কারীগণ অন লাইনে আবেদন করার পরে আবেদনের প্রিন্ট আউট কপি ও অনুচ্ছেদ ৫.৪ এ বর্ণিত সকল কাগজ ২৯/০৬/২০১৫ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে অত্র অধিদপ্তরে পৌঁছানো নিশ্চিত করতে হবে। অন্যথায় তার কোটা বিবেচিত হবে না। ভর্তির ফরম পূরনের বিস্তারিত নিয়মাবলী কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে পাওয়া যাবে।

২. **ফি জমা দেয়ার পদ্ধতিঃ** টেলিটকের Prepaid মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DTE লিখে, স্পেস দিয়ে শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এস এস সি (SSC) পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এস এস সি পাশের সন লিখে, স্পেস দিয়ে এস এস সির রেজিষ্ট্রেশন নম্বর লিখে ১৬২২২ নম্বরে এস এম এস (SMS) করতে হবেঃ উদাহরণঃ DTE <Space>XXX<Space>YYYYYY<Space>ZZZZ<Space>RRRRRR এখানে XXX এর জায়গায় আবেদনকারীর নিজের বোর্ডের নাম লিখতে হবে, ঢাকা বোর্ডের ক্ষেত্রে (DHA), সিলেট এর ক্ষেত্রে (SYL), বরিশালের ক্ষেত্রে (BAR), চট্টগ্রাম এর ক্ষেত্রে (CHI), কুমিল্লা এর ক্ষেত্রে (COM), দিনাজপুর এর ক্ষেত্রে (DIN), যশোর এর ক্ষেত্রে (JES), রাজশাহী এর ক্ষেত্রে (RAJ), মাদ্রাসা এর ক্ষেত্রে (MAD), কারিগরী এর ক্ষেত্রে (BTE), YYYYYY এর জায়গায় আবেদনকারীর নিজের এস এস সি পরীক্ষার রোল নম্বর, ZZZZ এর জায়গায় এস এস সি পাশের সন এবং RRRRRR এর জায়গায় এস এস সি পরীক্ষার রেজিষ্ট্রেশন নম্বর লিখতে হবে।

SMS –প্রেরণকারী আবেদনের যোগ্য হলে ফিরতি SMS –এ একটি PIN, প্রার্থীর নাম, পিতার নাম এবং পরীক্ষার ফি হিসেবে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কেটে রাখার সম্মতি চেয়ে ফিরতি SMS দেওয়া হবে। <u>প্রার্থীকে তার নাম, পিতার নাম ইত্যাদি তথ্যাদি মনোযোগের সাথে দেখে নিয়ে তথ্যাদি সঠিক থাকলে সম্মতি দিতে হবে।</u> সম্মতি দেয়ার জন্য নিম্নোক্ত ভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে।
উদাহরণঃ DTE <Space>YES<Space>PIN<Space>Your mobile number
PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের prepaid মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে একটি Money

Receipt Number সহ ফিরতি SMS দেয়া হবে। **উল্লেখ্য যে, Money Receipt Number টি নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে এবং Money Receipt Number টি পাওয়ার পরে অনলাইনে আবেদন ফরম পূরণ করতে হবে। Money Receipt Number ছাড়া কোনক্রমেই আবেদন ফরম পূরণ করা যাবে না।**

আবেদন ফরম পূরণের ধাপঃ

- কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট- **www.techedu.gov.bd** এর Home page হতে **Online Admission (First Shift)** button এ click করে application form open করতে হবে ।
- Screen এ প্রদর্শীত application form এর চাহিদা মোতাবেক তথ্যাদি লিপিবদ্ধ/ নির্বাচন, entry/selection (প্রযোজ্য ক্ষেত্রে) করতে হবে ।
- Application form পূরণ শেষে **Submit** button এ ক্লিক করে ফিরতি message এর print out নিতে হবে । উক্ত print out এ প্রদত্ত Track number ভর্তির রোল নং হিসেবে বিবেচিত হবে । কোন কারণে Track number সহ ফিরতি message print out নিতে ব্যর্থ হলে পুনরায় একই ভাবে application form পুরণের চেষ্টা করতে হবে।
- ভর্তির ফরম পূরণের বিস্তারিত তথ্যাদি ওয়েবসাইট হতে print out নেয়া যাবে ।

৩. একজন প্রার্থী যেসব শিক্ষা প্রতিষ্ঠানে যে টেকনোলজিতে ভর্তি হতে ইচ্ছুক তাহা প্রতিষ্ঠান–টেকনোলজি ভিত্তিক পছন্দের ক্রমানুসারে নির্বাচন করতে হবে ।
উদাহরণঃ ঢাকা- সিভিল, কুমিল্লা- সিভিল, ঢাকা- ইলেকট্রিক্যাল এভাবে সর্বোচ্চ দশটি অপশন নির্বাচন করা যাবে।

৪. একজন প্রার্থী আবেদনপত্র পুরনের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে কেবলমাত্র একবার সংশোধনের সুযোগ পাবে ।

৫. মেধা, কোটা ও আবেদনপত্রে প্রদত্ত পছন্দের ক্রমানুসারে ইনষ্টিটিউট- টেকনোলজী ভিত্তিক ছাত্র- ছাত্রী ভর্তি করা হবে।

৬. আবেদনের সময় পাসপোর্ট আকারের রঙ্গীন ছবি দিতে হবে।

৭. **আবেদন ফরম** button এ click করলে তিনটি অপশন প্রদর্শিত হবে **New Application**, **Update submitted form** এবং **View submitted form**

৮. আবেদনকারী নতুন হলে **New Application** button এ click করবে।

৯. টাইপ Money Receipt Number, SSC Registration Number তারপর **Verify** Button এ Click করতে হবে। [যদি আবেদনকারী জিপিএ ৩.৫ অথবা এর বেশি এবং সাধারণ গনিত অথবা উচ্চতর গনিত এ জিপি ৩ এর বেশি হয় তাহলে আবেদনকারীর বিস্তারিত তথ্য নীচে প্রদর্শিত হবে।]

১০. বাধ্যতামূলক ফিল্ডগুলো (*) অবশ্যই পূরন করতে হবে ।

১১. আবেদনকারী যদি একাধিক কোটাভূক্ত হয় তাহলে একাধিক কোটা Select করতে পারবেন।

১২. সকল তথ্য সঠিক হওয়া সত্ত্বেও আবেদন করতে অক্ষম হলে হেল্প লাইন এর প্রর্দশিত ই-মেইলে যোগাযোগ করতে পারবেন।

১৩. আবেদনকারী সর্বোচ্চ দশটি Institute এর দশটি Department চয়েস করতে

পারবেন।

১৪. আবেদনকারী একটি Institute এর মধ্যে দশটি Department অথবা একটি Institute এর কয়েকটি Department অথবা ভিন্ন Institute এর ভিন্ন Department চয়েস করতে পারবেন।

১৫. আবেদনকারী **Choice 1** Radio Button এ Click করলে Institute এর নাম আসবে, Institute Select করলে এই Institute এর Department প্রদর্শিত হবে, চয়েস অনুযায়ী Department select করবেন এবং **Save Choice** Button এ অবশ্যই Click করবেন। Similarly **Choice 2** Radio button click করে ভিন্ন চয়েস করতে পারবেন।

১৬. আবেদনকারী চয়েস শেষ হয়ে গেলে **Submit** Button এ Click করতে হবে। তারপর Feedback form প্রদর্শিত হবে। যদি সব কিছু ঠিক থাকে তাহলে আবেদনকারী **Save** Button এ Click করবেন।

১৭. আবেদনকারীকে অবশ্যই Track Number টা নোট করে রাখতে হবে, কারণ এই Track Number টা পরবর্তীতে Result এ ব্যাবহার করতে হবে।

১৮. ফরম Submit করার পর আবেদনকারী যদি তথ্য আপডেট করতে চান, তাহলে **আবেদন ফরম** থেকে **Update Submitted form** এ click করতে হবে এবং Track Number দিয়ে আবেদনকারী শুধু মাত্র একবার তথ্য আপডেট করতে পারবেন।

১৯. ছবির সর্বোচ্চ সাইজ ১৫০ kb এবং সর্বোচ্চ প্রস্থ, উচ্চতা যথাক্রমে ৩০০, ৩৬০ হতে হবে।

২০. মুক্তিযোদ্ধা সনদপত্র অবশ্যই jpg ফরমেটে হতে হবে। সনদপত্রের scan copy অবশ্যই 120kb এর মধ্যে হতে হবে।